দামুড়হুদা চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (০৮ নভেম্বর) বিকাল ৪ টার সময় চন্দ্রবাস মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।

বিএনপি নেতা নূর ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক মেম্বার আবুল কাশেম। খেলায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের পক্ষে মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন সাবেক মেম্বার ও বিএনপি নেতা ইকরামুল হোসেন।

টুর্নামেন্টের ফাইনাল খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলো, দামুড়হুদা স্পোর্টিং ক্লাব বনাম কুতুবপুর ফুটবল একাদশ। খেলায় উভয় দল একটি একটি করে গোল করে খেলা ড্র হয় এবং ট্রাইবেকার পর্যন্ত পৌঁছায়। ট্রাইবেকারে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব পাঁচটি গোল করে এবং কুতুবপুর ফুটবল একাদশ চারটি গোল করে, ফলে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয় এবং কুতুবপুর ফুটবল একাদশ রানার্সআপ হয়। টুর্নামেন্টের ম্যানঅব দা সিরিজ হয় দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের মোঃ ইমরান হোসেন এবং ম্যানঅব দা ম্যাচ হয় গোলকিপার মোঃ আনারুল ইসলাম।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন, জাকির হোসেন এবং সহকারী রেফারির দায়িত্ব পালন করেন হুমায়ুন আহমেদও রজব আলী।

টুর্নামেন্ট শেষে দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের কোচ ম্যানেজার শহীদ আজম সুদু বলেন, এ বিজয় শুধু আমাদের ক্লাবের বিজয় নয় এ বিজয় আমাদের সকলের। নিয়মিত খেলাধুলার আয়োজন করলে ছেলেরা সব মাঠে থাকবে, পড়াশোনা নিয়ে ব্যস্ত থাকবে ফলে মাদক থেকে দূরে থাকবে। চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাব চ্যাম্পিয়ন হয়। আজকের বিজয়ে চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি ও দামুড়হুদা স্পোটিং ক্লাবের সভাপতি ইখলাস উদ্দিন সুজন খেলায় অংশগ্রহণকারী সকলকে, ক্লাবের সকল কর্মকর্তা ও পৃষ্ঠপোষক সবাইকে ধন্যবাদ ও অভিনন্দন জানান।

খেলা শেষে অতিথিদের হাত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং চ্যাম্পিয়ন দলকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করা হয়।